গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
মৎস্য ও প্রাণিসম্পদ মন্ত্রণালয়
প্রশাসন-৩ অধিশাখা
www.mofl.gov.bd

## এ মন্ত্রণালয় ও মন্ত্রণালয়ের আওতাধীন সংস্থাপ্রধানসহ সমন্বয় সভার কার্যবিবরণী

সভাপতিঃ জনাব মোঃ রইছউল আলম মন্ডল
সচিব
তারিখ : ২৮ মার্চ ২০১৯ খ্রিঃ
সময় : বেলা ১২:০০ ঘটিকা
স্থান : মন্ত্রণালয়ের সম্মেলন কক্ষ।

সভায় উপস্থিত কর্মকর্তাগণের তালিকা পরিশিষ্ট 'ক' তে সংযুক্ত আছে।

২। সভাপতি উপস্থিত কর্মকর্তাগণকে স্বাগত জানিয়ে সভার কাজ শুরু করেন। সভাপতির অনুমতিক্রমে উপসচিব জনাব মোঃ শফিকুল ইসলাম বিগত ১৭ ফেব্রুয়ারি ২০১৯ খ্রিঃ তারিখে অনুষ্ঠিত সংস্থাপ্রধানসহ সমন্বয় সভার কার্যবিবরণী অনুমোদনের জন্য সভায় উপস্থাপন করেন। কোন সংশোধন না থাকায় কার্যবিবরণীটি সর্বসম্মতিক্রমে দৃঢ়ীকৃত হয়।

৩। এরপর বিগত সভায় গৃহিত সিদ্ধান্তসমূহের বাস্তবায়ন ও অগ্রগতি প্রতিবেদন আলোচ্যসূচির ক্রমানুসারে উপস্থাপন ও বিস্তারিত আলোচনা হয়। সভায় আলোচিত বিষয় এবং গৃহিত সিদ্ধান্তসমূহ নিম্নরূপঃ

## ৪। সাধারণ বিষয়াদি

| ক্রমিক | বিষয় | আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়নে |
|---|---|---|---|---|
| ৪.১ | এ মন্ত্রণালয়ের বার্ষিক কর্মসম্পাদন চুক্তি (Annual Performance Agreement-APA) এর কার্যক্রম | এ মন্ত্রণালয়ের ২০১৮-১৯ অর্থবছরের বার্ষিক কর্মসম্পাদন চুক্তির ফেব্রুয়ারি ২০১৯ মাসের অগ্রগতি প্রতিবেদন ওয়েবসাইটে প্রকাশ করা হয়েছে। এপিএ কার্যক্রমের ভিডিও ক্লিপ সংগ্রহ করতঃ মন্ত্রিপরিষদ বিভাগে প্রেরণের কার্যক্রম চলমান আছে। | ক) APA-এর বাস্তবায়ন অগ্রগতির মাসিক প্রতিবেদন প্রতি মাসের ১০ তারিখের মধ্যে এ মন্ত্রণালয়ের ওয়েব সাইটে প্রকাশ করতে হবে।<br>খ) মন্ত্রিপরিষদ বিভাগসহ সংশ্লিষ্ট সকল স্থানে যথাসময়ে প্রতিবেদন প্রেরণ করতে হবে।<br>গ) এপিএ কার্যক্রমের ভিডিও (প্রযোজ্য ক্ষেত্রে) সংরক্ষণ ও মন্ত্রিপিরিষদ বিভাগে প্রেরণ করতে হবে। | অতিঃ সচিব (প্রশাসন), সংস্থা প্রধান (সকল)/ উপসচিব (প্রশাসন-১) |
| ৪.২ | টেকসই উন্নয়ন অভীষ্ট লক্ষ্য (SDG) বাস্তবায়ন | সচিব মহোদয়ের সভাপতিত্বে ১৪ মার্চ ২০১৯ তারিখ যুগ্মসচিব ও তদুর্ধ্ব পর্যায়ের কর্মকর্তাগণ, সংস্থাপ্রধানগণ ও SDG ফোকাল পয়েন্ট কর্মকর্তার অংশগ্রহণে একটি সভা অনুষ্ঠিত হয়।<br>টেকসই উন্নয়ন অভীষ্ট লক্ষ্য (SDG) বিষয়ে ৩ এপ্রিল ২০১৯ তারিখ একটি সভা অনুষ্ঠিত হবে মর্মে যুগ্মসচিব (প্রাণিসম্পদ-১) ও SDG ফোকাল পয়েন্ট কর্মকর্তা সভাকে অবহিত করেন। | (SDG) বিষয়ে পরবর্তী কার্যক্রম গ্রহণ করতে হবে। | যুগ্মসচিব (প্রাস-১)/ যুগ্মপ্রধান/ সংস্থা প্রধান (সকল)/ উপসচিব (প্রশা-১) |
| ৪.৩ | ব্লু-ইকোনমি | মৎস্য অধিদপ্তর, বিএফডিসি, বিএফআরআই/ মেরিন ফিশারিজ একাডেমি এর ব্লু-ইকোনমি সংক্রান্ত কর্মপরিকল্পনা প্রধানমন্ত্রীর কার্যালয়ে প্রেরণ করা হয়েছে এবং গত ২৪/০১/২০১৯ তারিখ একটি সভা অনুষ্ঠিত হয়েছে। পরবর্তীতে ১৯-২০ ফেব্রুয়ারি ২০১৯ তারিখ প্যান প্যাসিফিক সোনারগাঁও হোটেলে একটি কর্মশালা অনুষ্ঠিত হয়েছে। | ব্লু-ইকোনমি বাস্তবায়ন কার্যক্রম ত্বরান্বিত করার জন্য মনিটরিং জোরদার করতে হবে। | যুগ্মসচিব (ব্লু-ইকোনমি)/ সংশ্লিষ্ট সকল কর্মকর্তা |

| ক্রমিক | বিষয় | আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়নে |
|---|---|---|---|---|
| ৪.৪ | মাস্টার প্ল্যান প্রস্তুত | **বিএফডিসি ও মেরিন ফিশারিজ একাডেমিঃ** বিএফডিসি ও মেরিন ফিশারিজ একাডেমি কর্তৃক উপস্থাপিত মাস্টার প্ল্যান পর্যালোচনায় যথাযথ বিবেচিত না হওয়ায় কিছু সংশোধনীর নির্দেশনাসহ পুনরায় মাস্টার প্ল্যানের প্রস্তাব প্রেরণের জন্য দু'টি সংস্থাকে অনুরোধ জানানো হয়েছে।<br>**বাংলাদেশ ভেটেরিনারি কাউন্সিলঃ** রেজিস্ট্রার, বাংলাদেশ ভেটেরিনারি কাউন্সিল এর খসড়া মাষ্টার প্ল্যান পর্যালোচনার জন্য এ মন্ত্রণালয়ের অতিরিক্ত সচিব (প্রাণিসম্পদ-২) মহোদয়ের সভাপতিত্বে গত ৭/১১/২০১৮ তারিখে একটি সভা অনুষ্ঠিত হয়েছে। উক্ত সভার সিদ্ধান্ত অনুযায়ী কার্যক্রম গ্রহণের জন্য এ মন্ত্রণালয় হতে ২২/১১/২০১৮ ও ২৬/১১/২০১৮ তারিখে রেজিস্ট্রার, বাংলাদেশ ভেটেরিনারি কাউন্সিলকে অনুরোধ করা হয়েছে। রেজিস্ট্রার, বাংলাদেশ ভেটেরিনারি কাউন্সিলের ২০৩০ সাল পর্যন্ত মাস্টার প্ল্যানের পর্যালোচনা সভার সিদ্ধান্ত মোতাবেক মাস্টার প্ল্যান গত ১১/০৩/২০১৯ তারিখে সংশোধনপূর্বক দাখিল করেছে। উক্ত মাষ্টার প্লানটি অনুমোদনের জন্য নথিতে উপস্থাপন করা হয়েছে। | এপ্রিল ২০১৯ এর মধ্যে সংশ্লিষ্ট সংস্থার মাস্টার প্ল্যান যাচাই/ বাছাই করে দ্রুত অনুমোদনের ব্যবস্থা করতে হবে। | সংশ্লিষ্ট সকল কর্মকর্তা |
| ৪.৫ | আইন/ বিধিমালা প্রণয়ন | **(ক) প্রস্তাবিত ''মৎস্য ও মৎস্য পণ্য (পরিদর্শন ও মাননিয়ন্ত্রণ) আইন ২০১৮":** গত ১৯/০৩/২০১৯ তারিখ মন্ত্রিসভা বৈঠকে নীতিগত অনুমোদন হয়। আইনটি ভেটিং এর জন্য লেজিসলেটিভ ও সংসদ বিষয়ক বিভাগে প্রেরণের নিমিত্ত কার্যক্রম প্রক্রিয়াধীন।<br>**(খ) ''পশু ও পশুজাত পণ্য সঙ্গনিরোধ বিধিমালা, ২০১৮'':** অতিরিক্ত সচিব (প্রাণিসম্পদ-২) মহোদয়ের সভাপতিত্বে গত ৫/১১/২০১৮ তারিখে সভা অনুষ্ঠিত হয়েছে। সভার সিদ্ধান্ত অনুযায়ী কার্যক্রম প্রক্রিয়াধীন।<br>(গ) **''বাংলাদেশ চিড়িয়াখানা আইন, ২০১৮'':** আইনের খসড়া ০৪/০৪/২০১৮ তারিখ এ মন্ত্রণালয় হতে আহবায়ক, আইনের খসড়া পরীক্ষা-নীরিক্ষা পূর্বক মতামত প্রদান সংক্রান্ত কমিটি অতিরিক্ত সচিব (আইন), মন্ত্রিপরিষদ বিভাগে প্রেরণ করা হয়। উক্ত আইনের ওপর ৩০/০৫/২০১৮ তারিখ মন্ত্রিপরিষদ বিভাগে সভা অনুষ্ঠিত হয়। সভার সিদ্ধান্ত অনুযায়ী আইনের প্রাথমিক খসড়া প্রস্তুত করে পেশ করা হলে অতিরিক্ত সচিব (প্রানিসম্পদ-২)-কে প্রধান করে কমিটি গঠন করা হয়েছে। গত ২৮/১১/২০১৮ তারিখ সভা অনুষ্ঠিত হয়েছে। সভার আলোচনা ও সুপারিশের আলোকে আইনের খসড়া প্রস্তুত করা হয়েছে এবং গত ২৩/১/২০১৯ তারিখে সভাপতি, আইনের খসড়া পরীক্ষা-নীরিক্ষা পূর্বক মতামত প্রদান সংক্রান্ত কমিটি, মন্ত্রিপরিষদ বিভাগে প্রেরণ করা হয়েছে।<br>**(ঘ) প্রাণির প্রতি নিষ্ঠুরতা আইন-১৯২০ শীর্ষক আইনের পরিবর্তে প্রাণিকল্যাণ আইন ২০১৮ প্রণয়নঃ** জাতীয় সংসদে উপস্থাপনের জন্য গত ০৪/০৩/২০১৯ তারিখে প্রেরণ করা হয়েছে।<br>**(ঙ) বাংলাদেশ ডেইরী উন্নয়ন বোর্ড আইন-২০১৮:** আইনের খসড়া প্রস্তুতকরণের জন্য গত ০৫/০২/২০১৯ তারিখে অতিরিক্ত সচিব (প্রাণিসম্পদ-২) মহোদয়ের সভাপতিত্বে একটি অভ্যন্তরীণ সভা অনুষ্ঠিত হয়। সভার সিদ্ধান্ত মোতাবেক প্রাণিসম্পদ অধিদপ্তরের নিকট পুনঃগঠনের জন্য দেয়া হয়েছে।<br>(চ) **সামুদ্রিক মৎস্য আইন, ২০১৮ :** গত ২২/১/২০১৯ তারিখে ভেটিং এর জন্য লেজিসলেটিভ ও সংসদ বিষয়ক বিভাগে প্রেরণ করা হয়েছে।<br>(ছ) **বাংলাদেশ ভেটেরিনারি কাউন্সিল আইন**, ২০১৯: আইনটি অর্থ বিল হওয়ায় মহামান্য রাষ্ট্রপতির সুপারিশ গ্রহণের নিমিত্ত গত ২০/০২/২০১৯ তারিখে অর্থ বিভাগে প্রেরণ করা হয়। গত ১২/০৩/২০১৮ তারিখে মহামান্য রাষ্ট্রপতির সুপারিশকৃত সার- | **(ক)** বিষয়টির অনুসরণমূলক কার্যক্রম অব্যাহত রাখতে হবে।<br>**(খ)** ৩০ জুন ২০১৯ তারিখের মধ্যে চূড়ান্ত করতে হবে।<br>**(গ)** মন্ত্রিপরিষদ বিভাগে যোগাযোগ করে আইন প্রণয়নের কাজ ত্বরান্বিত করতে হবে।<br>**(ঘ)** জাতীয় সংসদে উপস্থাপনকালে সহযোগিতা করতে হবে।<br>**(ঙ)** ৩১/৫/২০১৯ তারিখের মধ্যে মন্ত্রিপরিষদের উপকমিটি বরাবর প্রেরণ করতে হবে।<br>(চ) অনুসরণমূলক কার্যক্রম অব্যাহত রাখতে হবে।<br>**(ছ)** জাতীয় সংসদে উপস্থাপনকালে সহযোগিতা করতে হবে। | যুগ্মসচিব (মৎস্য)/ যুগ্মসচিব (প্রাণিসম্পদ-১)/ যুগ্মসচিব (ব্লু ইকোনমি)/ সংস্থা প্রধান (সংশ্লিষ্ট)/ উপসচিব (আইন) |

| ক্রমিক | বিষয় | আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়নে |
|---|---|---|---|---|
| | | সংক্ষেপের কপি পাওয়া যায়। জাতীয় সংসদে উত্থাপনের নিমিত্ত প্রেরণের জন্য কার্যক্রম প্রক্রিয়াধীন।<br>**(জ) কৃত্রিম প্রজনন ও প্রাণী প্রজনন আইন-২০১৮:** গত ১২/২/২০১৯ তারিখে সভা অনুষ্ঠিত হয় এবং সভার সিদ্ধান্ত মোতাবেক প্রাণিসম্পদ অধিদপ্তরের নিকট পুনঃগঠনের জন্য দেয়া হয়েছে। | **(জ)** প্রাণিসম্পদ অধিদপ্তর ৩০/৪/২০১৯ তারিখের মধ্যে মন্ত্রণালয়ে খসড়া প্রেরণ করবে। | |
| | | **(ঝ) যশোর জেলাধীন ভবদহ এলাকায় মৎস্য ঘের স্থাপনের জন্য নীতিমালা ২০১৮:** চূড়ান্ত প্রকাশের পূর্বে মতামত প্রাপ্তির বিষয়ে এ মন্ত্রণালয়ের ওয়েবসাইটে ২০/২/২০১৯ তারিখ পর্যন্ত আপলোড করা ছিল। বিগত ১১/০৩/২০১৯ তারিখ বাংলা ভাষা বাস্তবায়ন কোষে প্রেরণ করা হয়েছে। | **(ঝ)** বাবাকোর সাথে যোগাযোগ করে দ্রুত ব্যবস্থা নিতে হবে। | |
| | | **(ঞ) প্রবহমান নদী ও অন্যান্য জলাশয়ে খাঁচায় মাছচাষ নীতিমালা ২০১৮:** ০৭/২/২০১৯ তারিখে সভা অনুষ্ঠিত হয় এবং সভার সিদ্ধান্ত মোতাবেক নীতিমালার খসড়া প্রস্তুত করে ২১/০৩/২০১৯ তারিখ নথি উপস্থাপন করা হয়েছে। | **(ঞ)** ৩০ জুন ২০১৯ তারিখের মধ্যে চূড়ান্ত করতে হবে। | |
| | | **(ট) সামুদ্রিক মৎস্য নীতিমালা, ২০১৮ :** নির্দেশনা মোতাবেক ব্যবস্থা গ্রহণ করা হবে। | **(ট)** ১৫/৫/২০১৯ তারিখের মধ্যে প্রাথমিক খসড়া চূড়ান্ত করতে হবে। | |
| | | **(ঠ) নিহত জেলে পরিবার বা স্থায়ীভাবে অক্ষম জেলেদের প্রণোদনা সহায়তা প্রদান নীতিমালা ২০১৮:** পরবর্তী কার্যক্রম গ্রহণের জন্য গত ২১/৩/২০১৯ তারিখ নথি উপস্থাপন করা হয়েছে। | **(ঠ)** ৩০ জুন ২০১৯ তারিখের মধ্যে চূড়ান্ত করতে হবে। | |
| | | **(ড) সরকারী খামার হতে রেণু/পোনা বিক্রির ক্ষেত্রে প্রাধিকার নিশ্চিত করার নীতিমালা ২০১৮:** গত ১১/১১/২০১৮ তারিখে একটি আন্তঃমন্ত্রণালয় সভা অনুষ্ঠিত হয় এবং সভার সিদ্ধান্ত মোতাবেক কার্যক্রম প্রক্রিয়াধীন। | **(ড)** ৩০ জুন ২০১৯ তারিখের মধ্যে চূড়ান্ত করতে হবে। | |
| | | **(ঢ) জেলেদের নিবন্ধন ও পরিচয়পত্র প্রদান নির্দেশিকা (Guideline) ২০১৮:** চূড়ান্ত প্রকাশের পূর্বে মতামত প্রাপ্তির বিষয়ে এ মন্ত্রণালয়ের ওয়েবসাইটে ২৫/০৪/২০১৯ তারিখ পর্যন্ত আপলোড করা আছে। | **(ঢ)** ৩০ জুন ২০১৯ তারিখের মধ্যে চূড়ান্ত করতে হবে। | |
| | | **(ণ) মৎস্যচাষ নীতিমালা ২০১৮:** ২৪/০৩/২০১৯ তারিখে যুগ্মসচিব (মৎস্য) মহোদয়ের সভাপতিত্বে একটি সভা অনুষ্ঠিত হয়েছে। সভায় নীতিমালার কৌশল ও অন্যান্য বিষয়ে নীতিমালা আপগ্রেড করার জন্য মৎস্য অধিদপ্তরকে অনুরোধ করা হয়েছে। | **(ণ)** ৩০ জুন ২০১৯ তারিখের মধ্যে চূড়ান্ত করতে হবে। | |
| ৪.৬ | জেলা/ উপজেলা পর্যায়ের অফিস ও বাস্তবায়নাধীন প্রকল্প পরিদর্শন | ফেব্রুয়ারি ২০১৯ মাসে এ মন্ত্রণালয়ের নিম্নবর্ণিত কর্মকর্তা জেলা/ উপজেলা পর্যায়ের অফিস ও বাস্তবায়নাধীন প্রকল্প পরিদর্শন করেছেন।<br><br>(১) জনাব সুবোল বোস মনি, অতিরিক্ত সচিব (প্রশাসন) ২২ ফেব্রুয়ারি ২০১৯ তারিখ কাপ্তাই হ্রদ মৎস্য উন্নয়ন ও বিপনন কেন্দ্র, রাংগামাটি, কাপ্তাই উপজেলা মৎস্য দপ্তর ও প্রাণিসম্পদ দপ্তর এবং ২৩ ফেব্রুয়ারি ২০১৯ তারিখ সরকারি হাঁস-মুরগি খামার, রাংগামাটি, হ্যাচারিসহ আঞ্চলিক হাঁস প্রজনন খামার ও জেলা পিগ ফার্ম, রাংগামাটি পরিদর্শন করেছেন।<br>(২) ড. এ কে এম মুনিরুল হক, যুগ্মসচিব ৯ ফেব্রুয়ারি ২০১৯ তারিখ গোপালগঞ্জ মোরগ-মুরগি পালন কেন্দ্র (বর্তমানে- হাঁস খামার, গোপালগঞ্জ) পরিদর্শন করেছেন এবং প্রতিবেদন সচিব বরাবর উপস্থাপন করেছেন।<br>(৩) জনাব মাহবুবা পান্না, যুগ্মসচিব ফেব্রুয়ারি ২০১৯ তারিখ ময়মনসিংহস্থ বিএফআরআই এর প্রধান কার্যালয় পরিদর্শন | (১) সংশ্লিষ্ট কর্মকর্তা পরিদর্শনে উদঘাটিত ত্রুটি নিরসনের প্রতিবেদন সংস্থা হতে সংগ্রহ করে সভায় উপস্থাপন করবেন।<br>(২) অতিরিক্ত সচিব/ যুগ্মসচিবগণ জেলা/ উপজেলা পর্যায়ের অফিস/ প্রতিষ্ঠান ও বাস্তবায়নাধীন প্রকল্প পরিদর্শনপূর্বক সাত কর্মদিবসের মধ্যে পরিদর্শন প্রতিবেদন দাখিল করবেন। | অতিরিক্ত সচিব (সকল)<br>যুগ্মসচিব (মৎস্য/ প্রাস-১)/ যুগ্মসচিব (ব্লু-ইকোনমি)/ যুগ্মপ্রধান/ সংশ্লিষ্ট সকল কর্মকর্তা |

| ক্রমিক | বিষয় | আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়নে |
|---|---|---|---|---|
| | | করেছেন।<br>(৪) জনাব মোঃ হামিদুর রহমান, উপসচিব (আইন) ২৪ ফেব্রুয়ারি ২০১৯ তারিখ নওগাঁ জেলার নিয়ামতপুর উপজেলা মৎস্য অফিস ও উপজেলা প্রাণিসম্পদ অফিস পরিদর্শন করেছেন।<br>(৫) বেগম হাফছা বেগম, উপসচিব (মৎস্য-১) ১৬ ফেব্রুয়ারি ২০১৯ তারিখ খুলনা জেলার ডুমুরিয়া সিনিয়র উপজেলা মৎস্য কর্মকর্তার কার্যালয় এবং ১৮ ফেব্রুয়ারি ২০১৯ তারিখ খুলনা জেলার ঝিকড়গাছা সিনিয়র উপজেলা মৎস্য কর্মকর্তার কার্যালয় পরিদর্শন করেছেন।<br>(৬) জনাব আ. ন. ম. নাজিম উদ্দীন, উপসচিব (মৎস্য-৩) ২৮ ফেব্রুয়ারি ২০১৯ তারিখ কুমিল্লা জেলার বুড়িচং সিনিয়র উপজেলা মৎস্য অফিস পরিদর্শন করেছেন।<br>(৭) জনাব পুলকেশ মন্ডল, সিনিয়র সহকারী প্রধান নড়াইল জেলা সদরের উপজেলা প্রাণিসম্পদ দপ্তর, উপজেলা মৎস্য দপ্তর ও এনএটিপি প্রকল্প পরিদর্শন করেছেন।<br>(৮) জনাব এইচ, এম, মনিরুজ্জামান, সিনিয়র সহকারী প্রধান ৮ ও ৯ ফেব্রুয়ারি ২০১৯ তারিখ পর্যন্ত (ক) জেলা প্রাণিসম্পদ অফিস, সিলেট (খ) জেলা কৃত্রিম প্রজনন কেন্দ্র, সিলেট ও (গ) কৃত্রিম প্রজনন প্রকল্প, প্রাণিসম্পদ অধিদপ্তর পরিদর্শন করেছেন।<br>(৯) জনাব হরেকৃষ্ণ অধিকারী, সহকারী প্রধান যশোর জেলার অভয়নগর মৎস্য অফিস, হরিরামপুর মৎস্য অফিস ও যশোর সদর মৎস্য অফিস পরিদর্শন করেছেন। | | |
| ৪.৭ | মন্ত্রণালয়ের কার্যক্রম সম্পর্কে ইলেকট্রনিক ও প্রিন্ট মিডিয়ায় প্রচার | মন্ত্রণালয়ের কার্যক্রম সম্পর্কে ইলেকট্রনিক ও প্রিন্ট মিডিয়ায় সময়োপযোগী ও অধিক গুরুত্বপূর্ণ বিষয় নিয়মিত রেডিও টেলিভিশনে (বেসরকারি চ্যানেলসহ) প্রচার এবং নিয়মিত ওয়েবসাইটে প্রকাশ করা হচ্ছে। | প্রচারের জন্য বাৎসরিক রোডম্যাপ প্রস্তুতপূর্বক বিভিন্ন গণমাধ্যমে ও ওয়েবসাইটে প্রকাশের প্রয়োজনীয় ব্যবস্থা অব্যাহত রাখতে হবে। | DG, DoF, DG, DLS, DG, BFRI, DG, BLRI, উপপরিচালক, মৎস্য ও প্রাণিসম্পদ তথ্য দপ্তর |
| ৪.৮ | অডিট আপত্তি | (১) নিয়মিত দ্বি-পক্ষীয় ও ত্রি-পক্ষীয় সভা আয়োজনের মাধ্যমে নিরীক্ষা আপত্তি নিষ্পত্তিকরণ অব্যাহত আছে এবং দপ্তর/সংস্থা হতে ত্রি-পক্ষীয় সভার কার্যপত্র মন্ত্রণালয়ে প্রেরণ করা হচ্ছে।<br>(২) দারিদ্র বিমোচনের অডিট আপত্তির বিষয়ে সচিব মহোদয়ের সভাপতিত্বে গত ০৮/০১/২০১৯ তারিখে সভা আহবান করা হয়েছিল। কিন্তু অনিবার্য কারণবশতঃ সভাটি স্থগিত করা হয়েছে। নির্দেশনার পরিপ্রেক্ষিতে পরবর্তীতে সভা আহবান করা হবে।<br>১। জানুয়ারি ২০১৯ শেষে মোট অনিষ্পন্ন অডিট আপত্তির সংখ্যা ৭,৪৮৪টি। ফেব্রুয়ারি মাসে প্রাপ্ত অডিট আপত্তির সংখ্যা ২৬টি। ফেব্রুয়ারি ২০১৯ মাসের শেষে মোট অডিট আপত্তির সংখ্যা ৭,৫১০টি। ফেব্রুয়ারি মাসে আপত্তি নিষ্পত্তির সংখ্যা ১৩১টি। ফেব্রুয়ারি ২০১৯ মাসের শেষে অনিষ্পন্ন মোট অডিট আপত্তির সংখ্যা ৭,৩৭৯টি।<br>২। অধিদপ্তর/দপ্তর/সংস্থা কর্তৃক ফেব্রুয়ারি ২০১৯ মাসে কোন দ্বি-পক্ষীয় সভা অনুষ্ঠিত হয়নি।<br>৩। ফেব্রুয়ারি ২০১৯ মাসে ত্রি-পক্ষীয় সভার সংখ্যা ০১টি। উপসচিব (মৎস্য-১ অধিশাখা) এর সভাপতিত্বে ১৭/০২/২০১৯ তারিখে মৎস্য অধিদপ্তর, খুলনা এর বিভিন্ন সনের অনিষ্পন্ন অডিট আপত্তি নিষ্পত্তির লক্ষ্যে ত্রিপক্ষীয় সভা জেলা মৎস্য কর্মকর্তার কার্যালয়, খুলনা এর সম্মেলন কক্ষে অনুষ্ঠিত হয়। এ সভায় আপত্তি নিষ্পত্তির জন্য সুপারিশ করা হয়েছে ০৭টি। | (১) নিয়মিত দ্বি-পক্ষীয় ও ত্রি-পক্ষীয় সভা আয়োজনের মাধ্যমে নিরীক্ষা আপত্তি নিষ্পত্তিকরণ অব্যাহত রাখতে হবে এবং দপ্তর/সংস্থা হতে ত্রি-পক্ষীয় সভার কার্যপত্র মন্ত্রণালয়ে প্রেরণ নিশ্চিত করতে হবে।<br>(২) দারিদ্র বিমোচনের অডিট আপত্তির বিষয়ে সংস্থাপ্রধানদের নিয়ে একটি সভা করতে হবে। | অতিঃ সচিব (নিরীক্ষা), সংস্থা প্রধান (সকল)/ সহকারী সচিব (প্রশাসন-৪) |

| ক্রমিক | বিষয় | আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়নে |
|---|---|---|---|---|
| ৪.৯ | মামলা/ মোকদ্দমা নিষ্পত্তি | (ক) **মৎস্য অধিদপ্তরঃ** ফেব্রুয়ারি ২০১৯ পর্যন্ত মামলার হালনাগাদ তথ্যাদি : মোট মামলা : ৭৩৩টি (সুপ্রিম কোর্ট: ০টি, হাইকোর্ট: ৫১৭টি, প্রশাসনিক ট্রাইব্যুনাল: ২৩টি, প্রশাসনিক আপিল ট্রাইব্যুনাল: ১৩টি ও মোবাইল কোর্ট (ফেব্রুয়ারি, ২০১৯): ১৮০টি (মৎস্য খাদ্য আইন: ৩৭টি, মৎস্য সংরক্ষণ ৩৭টি, মৎস্য সংরক্ষণ আইন: ১০৯টি, ফরমালিনের ব্যবহার নিয়ন্ত্রণ: ২৯টি, মৎস্য হ্যাচারি আইন: ০৫টি) ফেব্রুয়ারি ২০১৯ মাসে নথিভূক্ত মামলা: ০২টি (০১টি সার্ভিস সংক্রান্ত এবং ০১টি ট্রলার সংক্রান্ত)। ০১টি মামলা হাইকোর্ট বিভাগে এবং ০১টি মামলা মাননীয় প্রশাসনিক আপিল ট্রাইব্যুনাল, ঢাকায় দায়েরকৃত।<br>(খ) **প্রাণিসম্পদ অধিদপ্তরঃ** প্রাণিসম্পদ অধিদপ্তরের সুপ্রিম কোর্টে ১২, হাইকোর্টে ১২৯, জজ কোর্টে ২০, প্রশাসনিক/ প্রশাসনিক আপিল ট্রাইব্যুনালে ১২/৪টিসহ মোট ১৭৭টি।<br>(গ) **বিএফডিসিঃ** মহামান্য হাইকোর্টে ১৫টি, আপিল বিভাগে ৬টি, জেলা জজ আদালতে ১৫টি ও ফৌজদারী আদালতে ৩টিসহ মোট ৪০টি মামলা চলমান আছে। মামলাসমূহ দ্রুত নিষ্পত্তির জন্য নিয়মিত তদারকি করা হচ্ছে।<br>(ঘ) **বিএলআরআইঃ** ২(দুই)টি রিট মামলা রয়েছে। ১টি রিট মামলার রায়ের বিরুদ্ধে আপিল করা হয়েছে। ১টি রিট পিটিশনের রায়ের বিরুদ্ধে সুপ্রীম কোর্টে রিভিউ করা হয়েছে। প্রশাসনিক আপিল ট্রাইব্যুনালে ১(এক)টি মামলা নিষ্পত্তি হয়েছে। যা বিএলআরআই এর পক্ষে রায় এসেছে।<br>(ঙ) **বিএফআরআইঃ** ইনস্টিটিউটের বিভিন্ন বিষয়ে ১১টি (মহামান্য হাইকোর্টে ৫টি এবং নিম্ন আদালতে ৬টি) মামলা চলমান আছে। মামলাসমূহ দ্রুত নিষ্পত্তির লক্ষ্যে নিয়মিত অনুসরণ করা হচ্ছে। | অনিষ্পন্ন মামলাসমূহ নিষ্পত্তির বিষয়ে নিয়মিত অনুসরণমূলক কার্যক্রম অব্যাহত রাখা এবং দ্রুত নিষ্পত্তির ব্যবস্থা গ্রহণ করতে হবে। | সংস্থা প্রধান (সকল), উপসচিব (আইন) |
| ৪.১০ | পেনশন কেইস দ্রুত নিষ্পত্তি | (১) মৎস্য অধিদপ্তরঃ ফেব্রুয়ারি ২০১৯ মাসে ০৭ (সাত)টি পেনশন কেস পাওয়া যায়। তন্মধ্যে ০৭ টি পেনশন কেস নিষ্পত্তি হয়েছে।<br>(২) প্রাণিসম্পদ অধিদপ্তরঃ পূর্ববর্তী মাসের জের ৯টি ও পরবর্তীতে প্রাপ্ত ৩টিসহ মোট ১২টি পেনশন কেস পাওয়া যায়। তন্মধ্যে ১০টি পেনশন কেস নিষ্পত্তি হয়েছে এবং অবশিষ্ট ০২টি প্রক্রিয়াধীন আছে।<br>আগামী ৩ মাস, ৬ মাস ও ১ বছরে কতজন পিআরএল-এ যাবে তার তথ্য আগেই নিশ্চিত হয়ে নির্দিষ্ট সময়ের মধ্যে লাম্পগ্রান্ডসহ পিআরএল আদেশ জারি করার জন্য সচিব মহোদয় নির্দেশনা প্রদান করেন। | (১) অধিদপ্তর/ দপ্তর/ সংস্থার পেনশন কেইসগুলো অগ্রাধিকার ভিত্তিতে দ্রুত নিষ্পত্তিসহ পিআরএল-এ গমনের তারিখের দু'মাস পূর্বে মন্ত্রণালয় থেকে মঞ্জুরী আদেশ জারি করতে হবে।<br>(২) যথাসময়ে আবেদন ও বিধি অনুযায়ী ১৮ মাসের লাম্পগ্রান্ডসহ ০১ বছরের পিআরএল অনুমোদন/ আদেশ একইসাথে জারি করতে হবে।<br>(৩)আগামী ৩ মাস, ৬ মাস ও ১ বছরে কতজন পিআরএল-এ যাবে তার তথ্য আগেই নিশ্চিত হয়ে নির্দিষ্ট সময়ের মধ্যে লাম্পগ্রান্ডসহ পিআরএল আদেশ জারি করতে হবে। | যুগ্মসচিব (মৎস্য/ প্রাণিসম্পদ-২), যুগ্ম-সচিব (প্রাণিসম্পদ-১), DG, DOF, DG, DLS/ মন্ত্রণালয়ের কল্যাণ কর্মকর্তা |

| ক্রমিক | বিষয় | আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়নে |
|---|---|---|---|---|
| ৪.১১ | মৎস্য ও প্রাণিসম্পদ অধিদপ্তরের হালনাগাদ গাড়ির সংখ্যা নির্ধারণ | (১) মৎস্য অধিদপ্তরঃ মৎস্য অধিদপ্তরের গাড়ি TO&E ভুক্তকরণের নিমিত্ত স্বয়ং সম্পূর্ণ প্রস্তাব ১১/২/২০১৯ তারিখে জনপ্রশাসন মন্ত্রণালয়ে প্রেরণ করা হয়েছে।<br><br>(২) প্রাণিসম্পদ অধিদপ্তরঃ জনপ্রশাসন মন্ত্রণালয়ের চাহিদা অনুযায়ী প্রাণিসম্পদ অধিদপ্তরের গাড়ীর সংখ্যা পুনঃপ্রস্তাব মন্ত্রণালয়ে প্রেরণের জন্য কার্যক্রম অব্যাহত আছে। শ্রীঘ্রই প্রাণিসম্পদ অধিদপ্তর হতে পুনঃপ্রস্তাব মন্ত্রণালয়ে প্রেরণ করা হবে। | (ক) মৎস্য অধিদপ্তর স্বয়ংসম্পূর্ণ প্রস্তাব দ্রুত দাখিল করবে। বিএফডিসি ব্যতিত অন্যান্য দপ্তর/ সংস্থা হালনাগাদ গাড়ির তালিকা এপ্রিল ২০১৯ এর মধ্যে প্রস্তুতপূর্বক এ মন্ত্রণালয়ে প্রেরণ করতে হবে।<br>(খ) সংস্থার গাড়িগুলো To&Eভূক্ত করণের প্রস্তাব ০১ মাসের মধ্যে মন্ত্রণালয়ে প্রেরণ করতে হবে। | যুগ্মসচিব (মৎস্য) যুগ্মসচিব (প্রাস-১/ বাজেট)/ সংস্থা প্রধান (সকল)/ সংশ্লিষ্ট কর্মকর্তা |
| ৪.১২ | জনবলের ডাটাবেইজ প্রস্তুতকরণ | সকল দপ্তর/সংস্থার জনবলের ডাটাবেইজ জনপ্রশাসন মন্ত্রণালয়ের আদলে এবং গবেষণা প্রতিষ্ঠানগুলোর ডাটাবেইজ BARC-এর আদলে দ্রুত প্রস্তুতপূর্বক ওয়েবসাইটে প্রকাশ করার জন্য সভাপতি মহোদয় নির্দেশনা প্রদান করেন। | জনবলের ডাটাবেইজ নির্দেশনামতে এপ্রিল ২০১৯ এর মধ্যে প্রস্তুতপূর্বক ওয়েবসাইটে প্রকাশ করতে হবে। | সংস্থা প্রধান (সকল) |
| ৪.১৩ | বকেয়া বিদ্যুৎ বিল ও ভূমি উন্নয়ন কর পরিশোধ | সকল সংস্থা কর্তৃক বকেয়া বিদ্যুৎ বিল, পানির বিল, গ্যাসের বিল, ভূমি উন্নয়ন কর ও পৌর কর নিয়মিত পরিশোধ করা হচ্ছে।<br><br>**প্রাণিসম্পদ অধিদপ্তরঃ** চট্টগ্রাম সিটি কর্পোরেশন এর দাবীকৃত ৩ (তিন)টি দপ্তরের মোট ৫,০৩,২২৭/- টাকার মধ্যে ইতোমর্ধে ২,৫৫,০৮০/- টাকার বিল পরিশোধ করা হয়েছে। অবশিষ্ট ২,৪৮,১৪৭/- টাকার বিল পরিশোধের ব্যবস্থা গ্রহণ করা হচ্ছে। সংশোধিত বরাদ্দ পাওয়া গেলে বকেয়া টাকা পরিশোধ করা হবে।<br><br>বাজেট বরাদ্দ থাকা সত্বেও বকেয়া পরিশোধ করা না হলে সংশ্লিষ্ট সংস্থা দায়ী থাকবে মর্মে সচিব মহোদয় নির্দেশনা প্রদান করেন। | (১) বকেয়া বিদ্যুৎ বিল, পানির বিল, গ্যাসের বিল, ভূমি উন্নয়ন কর ও পৌর কর পরিশোধপূর্বক সকল সংস্থা থেকে হালনাগাদ তথ্য এ মন্ত্রণালয়ে প্রেরণ করতে হবে।<br>(২) চট্টগ্রাম সিটি কর্পোরেশন কর্তৃক ভূমি উন্নয়ন ও পৌর কর বাবদ দাবিকৃত অবশিষ্ট টাকা পরিক্ষান্তে দ্রুত পরিশোধ করতে হবে।<br>(৩) বাজেট বরাদ্দ থাকা সত্বেও বকেয়া পরিশোধ করা না হলে সংশ্লিষ্ট সংস্থা দায়ী থাকবে। | অতিঃ সচিব (সকল), যুগ্মসচিব (বাজেট), সংস্থা প্রধান (সকল) |
| ৪.১৪ | জরাজীর্ণ/ মেরামত অযোগ্য ভবন অপসারণ | (ক) **মৎস্য অধিদপ্তরঃ** মৎস্যবীজ উৎপাদন খামার, আমনুরা, চাঁপাইনবাবগঞ্জ এবং মৎস্যবীজ উৎপাদন খামার, নাচোল, চাঁপাইনবাবগঞ্জের ব্যবহার অনুপযোগী স্থাপনা পরিত্যক্ত ঘোষণা ও নিলামকরণ সংক্রান্ত জেলা কনডেমনেশন কমিটির সুপারিশ অনুমোদনের জন্য প্রস্তাব মন্ত্রণালয়ের নির্দেশ মোতাবেক ১০/০২/২০১৯ তারিখে এবং দিনাজপুর জেলাধীন জেলা মৎস্য ভবন, মৎস্যবীজ উৎপাদন খামার, পুলহাট; মৎস্যবীজ উৎপাদন খামার, পার্বতীপুর এর ব্যবহার অনুপযোগী স্থাপনা পরিত্যক্ত | (১) ছক মোতাবেক অগ্রগতি প্রতিবেদন মন্ত্রণালয়ে প্রেরণ করতে হবে।<br>(২) মার্চ ২০১৯ এর মধ্যে নির্দেশনা মতে জরাজীর্ণ ভবন সংক্রান্ত প্রতিবেদন | যুগ্মসচিব (মৎস্য), যুগ্মসচিব (প্রাস-১), যুগ্মপ্রধান, DG, DOF, DG, DLS |

| ক্রমিক | বিষয় | আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়নে |
|---|---|---|---|---|
| | | ঘোষণা ও নিলামে বিক্রয়ের নিমিত্ত জেলা কনডেমনেশন কমিটির সুপারিশ অনুমোদনের নিমিত্ত মন্ত্রণালয়ের প্রশাসনিক অনুমতির জন্য ১০/০২/২০১৯ তারিখে মন্ত্রণালয়ে পত্র প্রেরণ করা হয়েছে। যা মন্ত্রণালয়ে প্রক্রিয়াধীন আছে।<br>(খ) **প্রাণিসম্পদ অধিদপ্তরঃ** ৪১টির মধ্যে ১৬টি ভাংগা/অপসারণ করা হয়েছে। পুরাতন/ জরাজীর্ণ ভবনের স্থলে নতুন স্থাপনা/ অবকাঠামো নির্মাণের প্রকল্প গ্রহন কার্যক্রম অব্যাহত আছে।<br>(গ) **বিএলআরআইঃ** নাইক্ষ্যংছড়িতে একটি অফিস-কাম-ল্যাব ভবন আছে যা জরাজীর্ণ। তা মেরামতযোগ্য কিনা তা নির্ণয়ের জন্য জেলা প্রশাসক বরাবর গত ২৯/০৫/২০১৭ খ্রিঃ তারিখে পত্র প্রেরণ করা হয়েছে। জেলা প্রশাসক, বান্দরবান কর্তৃক নির্বাহী প্রকৌশলী (গণপূর্ত) বরাবর প্রেরণকরা হলে ভবনটি অকেজো নয়, উহা মেরামতযোগ্য মর্মে গত ৩১/৭/২০১৮ খ্রিঃ তারিখে প্রতিবেদনে উল্লেখ করেন। কার্যবিবরণী ২৫/১০/১৮ খ্রিঃ তারিখে মন্ত্রণালয়ে প্রেরণ করা হয়েছে।<br>(ঘ) **বিএফআরআইঃ** ইনস্টিটিউটের বোর্ড অব গভর্নরস কর্তৃক সম্প্রতি গঠিত কমিটি এ বিষয়ে কাজ করছে। কমিটির প্রতিবেদন অনুযায়ী ইনস্টিটিউটের সামুদ্রিক কেন্দ্রের ব্যবহার অনুপযোগী বাসভবন নিলামে বিক্রয়ের জন্য অনুমোদন চেয়ে মন্ত্রণালয়ে ১৭-১-২০১৯ তারিখে পত্র প্রেরণ করা হয়েছে। | মন্ত্রণালয়ে প্রেরণ করতে হবে। | |
| ৪.১৫ | আই,টি বিষয় | এ মন্ত্রণালয় ও এর অধীন সকল সংস্থায় ই-ফাইলিং এর মাধ্যমে ১০০% নথির কার্যক্রম গ্রহণ করতে হবে। | এ মন্ত্রণালয় ও সকল সংস্থায় ১০০% ই-ফাইলিং বাস্তবায়ন নিশ্চিত করতে হবে। ই-ফাইলিং এর মাধ্যমে পত্র প্রেরণ করতে হবে। | অনুবিভাগ প্রধান (সকল), সংস্থা প্রধান (সকল) |
| ৪.১৬ | ইনোভেশন | মন্ত্রিপরিষদ বিভাগের নির্দেশনা অনুযায়ী এ মন্ত্রণালয়ের প্রথম শ্রেণীর সকল কর্মকর্তাদের উদ্ভাবন সক্ষমতা বৃদ্ধির উদ্দেশ্যে ৭ ও ১০ মার্চ ২০১৯ তারিখ দু'দিন ব্যাপী "নাগরিক সেবায় উদ্ভাবন" বিষয়ক প্রশিক্ষণ কর্মশালা অনুষ্ঠিত হয়।<br>এ মন্ত্রণালয়ের আওতাধীন দপ্তর/সংস্থার মাসিক সমন্বয় সভায় ইনোভেশন বিষয়টি আলোচ্য সূচিতে অন্তর্ভুক্ত করার জন্য যুগ্মসচিব (ব্লু-ইকনোমি) অভিমত ব্যক্ত করেন।<br>অন লাইনে সেবাসমূহ জনগণ গ্রহণ করছে কিনা তা যাচাই করে দেখার জন্য সচিব মহোদয় নির্দেশনা প্রদান করেন। | (১) ইনোভেশন কার্যক্রমের তৎপরতা বৃদ্ধি করতে হবে এবং ইনোভেশন কর্মপরিকল্পনা পরবর্তী সভায় উপস্থাপন করতে হবে।<br>(২) দপ্তর/সংস্থার মাসিক সমন্বয় সভায় আলোচ্যসূচিতে ইনোভেশন বিষয়টি অন্তর্ভুক্ত করতে হবে।<br>(৩) মৎস্য অধিদপ্তর, প্রাণিসম্পদ অধিদপ্তর, বিএফআরআই ও বিএলআরআই মাঠ পর্যায়ে অনলাইন সেবার প্রয়োগ বিষয়ে দেখতে হবে। | চীফ ইনোভেশন অফিসার, সংস্থা প্রধান (সকল) |
| ৪.১৭ | ই-টেন্ডারিং | মৎস্য অধিদপ্তর, প্রাণিসম্পদ অধিদপ্তর, বাংলাদেশ মৎস্য উন্নয়ন কর্পোরেশন, বাংলাদেশ মৎস্য গবেষণা ইনস্টিটিউট, বাংলাদেশ প্রাণিসম্পদ গবেষণা ইনস্টিটিউটে ই-টেন্ডারিং পদ্ধতিতে দরপত্র আহ্বান করা হচ্ছে। অন্যান্য সংস্থা হতে ই-টেন্ডারিং পদ্ধতিতে দরপত্র আহ্বানের কার্যক্রম প্রক্রিয়াধীন। | সকল দপ্তর/সংস্থা কর্তৃক দরপত্রের কার্যক্রম ই-টেন্ডারিং পদ্ধতিতে সম্পন্ন অব্যাহত রাখতে হবে। | অতিঃ সচিব (প্রশাসন), সংস্থা প্রধান (সকল) |

| ক্রমিক | বিষয় | আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়নে |
|---|---|---|---|---|
| ৪.১৮ | অভ্যন্তরীণ প্রশিক্ষণ | এ মন্ত্রণালয় এবং এর অধীন সকল সংস্থার কর্মকর্তা-কর্মচারীদের জন্য বার্ষিক ৬০ ঘন্টা কর্মকালীন (ইন-হাউজ) প্রশিক্ষণ চলমান আছে।<br><br>এ মন্ত্রণালয়ের প্রশাসনিক কর্মকর্তা, ব্যক্তিগত কর্মকর্তা, সাঁট-মুদ্রাক্ষরিক কাম কম্পিউটার অপারেটর, হিসাবরক্ষক ও অফিস সহকারী কাম কম্পিউটার মুদ্রাক্ষরিকদের সমন্বয়ে ২টি ব্যাচে (১ম ব্যাচঃ ১৬-২০ ফেব্রুয়ারি ২০১৯ ও ২য় ব্যাচঃ ২৪-২৮ ফেব্রুয়ারি ২০১৯) রাঙ্গামাটিস্থ মৎস্য প্রশিক্ষণ কেন্দ্রে সঞ্জীবনী প্রশিক্ষণ (প্রতি বাচে ২০ জন করে মোট ৪০ জন) আয়োজন করা হয়েছে। কর্মকর্তাদের প্রজেক্ট ডেভেলপমেন্ট বিষয়ে নির্দেশনা মতে প্রশিক্ষণ প্রদান করা হচ্ছে। | (১) মন্ত্রণালয় ও আওতাধীন সকল সংস্থায় বার্ষিক ৬০ ঘন্টা কর্মকালীন প্রশিক্ষণ কার্যক্রম অব্যাহত রাখতে হবে।<br>(২) অগ্রাধিকার ভিত্তিতে কর্মকর্তা-কর্মচারীদের দেশের অভ্যন্তরে সঞ্জীবনী প্রশিক্ষণ বাস্তবায়নের উদ্যোগ নিতে হবে। | অতিঃসচিব (প্রশাসন) সংস্থা প্রধান (সকল)/ উপসচিব (প্রশাসন-৩) |
| ৪.১৯ | জাতীয় শুদ্ধাচার কৌশল | ২০১৮-২০১৯ অর্থবছরের জাতীয় শুদ্ধাচার কৌশল কর্ম-পরিকল্পনা প্রণয়ন ও বাস্তবায়ন অগ্রগতি পরিবীক্ষণ কাঠামো (হার্ড কপি ও সফট কপি) এর ২য় ত্রৈমাসিক পরিবীক্ষণ প্রতিবেদন ১৫ জানুয়ারি ২০১৯ তারিখ মন্ত্রিপরিষদ বিভাগে প্রেরণ করা হয়েছে। | জাতীয় শুদ্ধাচার কৌশল বিষয়ে সকলকে সচেতন করাসহ সকল পর্যায়ে তা প্রতিপালন করতে হবে। | অতিঃ সচিব (প্রাণিসম্পদ-২), সংস্থা প্রধান (সকল) |
| ৪.২০ | অভিযোগ নিষ্পত্তি | অভিযোগ বাক্সে ও অনলাইনে প্রাপ্ত অভিযোগ দ্রুত নিষ্পত্তির ব্যবস্থা গ্রহণ করা হচ্ছে।<br>(ক) **মৎস্য অধিদপ্তরঃ** মৎস্য অধিদপ্তরের নিচ তলায় সহজে দৃষ্টিগোচর হয় এমন স্থানে অভিযোগ বাক্স স্থাপন করা হয়েছে। ফেব্রুয়ারি ২০১৯ মাসে অভিযোগ বাক্সে কোনো অভিযোগ পাওয়া যায় নাই।<br>(ক) **প্রাণিসম্পদ অধিদপ্তরঃ** ফেব্রুয়ারি ২০১৯ পর্যন্ত ৩২টি অভিযোগ পাওয়া গেছে। যা নিষ্পত্তির জন্য প্রক্রিয়াধীন আছে। | (১) অভিযোগ বাক্সে ও অনলাইনে প্রাপ্ত অভিযোগ দ্রুত নিষ্পত্তি করতে হবে।<br>(২) অভিযোগ বাক্সে ও অনলাইনে প্রাপ্ত অভিযোগের তথ্য সভায় উপস্থাপন করতে হবে। | সংশ্লিষ্ট সকল কর্মকর্তা |
| ৪.২১ | জাতীয় প্রাণিসম্পদ সপ্তাহ পালন | মাননীয় প্রধানমন্ত্রী "প্রাণিসম্পদ সেবা সপ্তাহ-২০১৯" এর উদ্বোধনী অনুষ্ঠানে প্রধান অতিথি হিসেবে উপস্থিতির সদয় সম্মতি প্রদান করেছেন। সে প্রেক্ষিতে এ মন্ত্রণালয় হতে ২৩/০১/২০১৯ তারিখের "প্রাণিসম্পদ সেবা সপ্তাহ-২০১৯" উদযাপন উপলক্ষ্যে সকল ধরণের প্রস্তুতি গ্রহণপূর্বক প্রয়োজনীয় কার্যক্রম গ্রহণের জন্য মহাপরিচালক, প্রাণিসম্পদ অধিদপ্তরকে নির্দেশনা প্রদান করা হয়েছে। | বিষয়টি ফলোআপ করতে হবে। | অতিঃ সচিব (প্রাস-২)/ যুগ্মসচিব (প্রাস-১), মহাপরিচালক, প্রাণিসম্পদ অধিদপ্তর/ উপসচিব (প্রাণিসম্পদ-২) |
| ৪.২২ | অনিষ্পন্ন পত্র/বিষয় | দপ্তর/ অধিদপ্তর/ সংস্থার অনিষ্পন্ন পত্রগুলো দ্রুত নিষ্পত্তির উদ্যোগ গ্রহণ করার জন্য সচিব মহোদয় নির্দেশনা প্রদান করেন। | মন্ত্রণালয়ে দপ্তর/ সংস্থার অনিষ্পন্ন বিষয় ও দপ্তর/ সংস্থায় মন্ত্রণালয়ের অনিষ্পন্ন বিষয়গুলো দ্রুত নিষ্পত্তির উদ্যোগ গ্রহণ করতে হবে। | সংস্থা প্রধান (সকল)/ সংশ্লিষ্ট সকল কর্মকর্তা |

## অধিদপ্তর/ দপ্তর/ সংস্থার বিষয়ে আলোচনা ও সিদ্ধান্ত

### ৫। মৎস্য অধিদপ্তর

| ক্রমিক | বিষয় | আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়নে |
|---|---|---|---|---|
| ৫.১ | মৎস্য অধিদপ্তরের কর্মকর্তা/ কর্মচারীদের (নন-ক্যাডার) নিয়োগবিধি সংক্রান্ত | বাংলাদেশ সরকারি কর্ম কমিশন সচিবালয়ে এ বিষয়ে গত ০৭/১/২০১৯ এবং ১০/০১/২০১৯ তারিখে ০২টি সভা অনুষ্ঠিত হয়েছে। সভার কার্যবিবরণী পিএসসি হতে এখনো পাওয়া যায়নি। | মৎস্য অধিদপ্তরের কর্মকর্তা/ কর্মচারীদের (নন-ক্যাডার) নিয়োগ বিধির বিষয়ে অনুসরণমূলক কার্যক্রম অব্যাহত রাখতে হবে। | যুগ্মসচিব (মৎস্য), DG, DOF/ উপসচিব (মৎস্য-১) |
| ৫.২ | মৎস্য অধিদপ্তরের রাজস্বখাতে ১৫৩১টি পদ সৃজন | এ বিষয়ে প্রধানমন্ত্রীর কার্যালয়ের সচিব বরাবরে বিস্তারিত তথ্যাদি উল্লেখ করে সদয় অবগতির জন্য ২৯/০৫/২০১৮ তারিখ পত্র প্রেরণ করা হয়েছে। মৎস্য অধিদপ্তরের ১৫৩১টি বিভিন্ন পদ ও ৬০০টি ক্ষেত্র সহকারীর পদ সৃজনের সম্মতি দেয়ার জন্য পুনরায় অর্থ বিভাগে ৪/৩/২০১৯ তারিখে পত্র দেয়া হয়েছে। | এ বিষয়ে অনুসরণমূলক কার্যক্রম অব্যাহত রাখতে হবে। | যুগ্মসচিব (মৎস্য), DG, DOF/ উপসচিব (মৎস্য-১) |
| ৫.৩ | শূন্য পদে লোক নিয়োগ | অবিলম্বে বিদ্যমান শূন্য পদে লোক নিয়োগের কার্যক্রম গ্রহণ করে মন্ত্রণালয়কে আগামী সভার পূর্বেই জানানোর জন্য সচিব মহোদয় নির্দেশনা প্রদান করেন। | অবিলম্বে বিদ্যমান শূন্য পদে লোক নিয়োগের কার্যক্রম গ্রহণ করে মন্ত্রণালয়কে আগামী সভার পূর্বেই জানাতে হবে। | যুগ্মসচিব (মৎস্য), DG, DOF/ উপসচিব (মৎস্য-১) |

### ৬। প্রাণিসম্পদ অধিদপ্তর

| ক্রমিক | বিষয় | আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়নে |
|---|---|---|---|---|
| ৬.১ | ক্ষুদ্র, মাঝারি ও বড় পোল্ট্রি ফার্ম এবং ফিডমিল রেজিস্ট্রেশন | ক্ষুদ্র, মাঝারি ও বড় পোল্ট্রি ফার্ম (বেসরকারি খামারসহ) এবং ফিডমিল রেজিস্ট্রেশনের কার্যক্রম অব্যাহত আছে। | দেশের সকল বেসরকারি খামার, ফিডমিল ও ল্যাবরেটরি নিবন্ধনের আওতায় আনার জন্য কার্যক্রম অব্যাহত রাখতে হবে। | অতিঃ সচিব (প্রাস-২), মহাপরিচালক, প্রাণিসম্পদ অধিদপ্তর |
| ৬.২ | ঝিনাইদহ ভেটেরিনারি কলেজের জনবল নিয়োগ | প্রস্তাবিত ঝিনাইদহ ভেটেরিনারি কলেজের নিয়োগ বিধিমালাটি প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য জনপ্রশাসন মন্ত্রণালয়ে প্রক্রিয়াধীন আছে। | আদালতের নির্দেশনা অনুযায়ী পরবর্তী কার্যক্রম গ্রহণ করতে হবে। | যুগ্মসচিব (প্রাস-৪), যুগ্মপ্রধান, মহাপরিচালক, প্রাণিসম্পদ অধিদপ্তর |
| ৬.৩ | প্রাণিসম্পদ অধিদপ্তরের রাজস্বখাতে পদ সৃজন। | প্রাণিসম্পদ অধিদপ্তরের ৮৬২৪টি পদ রাজস্ব খাতে সৃজনের বিষয়ে গত ৩০/১০/২০১৮ তারিখ জনপ্রশাসন মন্ত্রণালয়ের সম্মতি পাওয়া যায়। পরবর্তীতে প্রাণিসম্পদ অধিদপ্তরের ৮৬২৪টি পদ রাজস্ব খাতে সৃজনের বিষয়ে অর্থ বিভাগের সম্মতির জন্য গত ৫/১২/২০১৮ তারিখ অর্থ বিভাগে পত্র দেয়া হয়। | অনুসরণমূলক কার্যক্রম অব্যাহত রাখতে হবে। | যুগ্মসচিব (প্রাস-১)/ DG, DLS |
| ৬.৪ | শূন্য পদে লোক নিয়োগ | অবিলম্বে বিদ্যমান শূন্য পদে লোক নিয়োগের কার্যক্রম গ্রহণ করে মন্ত্রণালয়কে আগামী সভার পূর্বেই জানানোর জন্য সচিব মহোদয় নির্দেশনা প্রদান করেন। | অবিলম্বে বিদ্যমান শূন্য পদে লোক নিয়োগের কার্যক্রম গ্রহণ করে মন্ত্রণালয়কে আগামী সভার পূর্বেই জানাতে হবে। | যুগ্মসচিব (প্রাণিসম্পদ-১), DG, DLS/ উপসচিব (প্রাণিসম্পদ-১) |

## ৭। বাংলাদেশ মৎস্য গবেষণা ইনস্টিটিউট

| ক্রমিক | বিষয় | আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়নে |
|---|---|---|---|---|
| ৭.১ | বাংলাদেশ মৎস্য গবেষণা ইনস্টিটিউটের কল্যাণ তহবিলের অনুমতি | বাংলাদেশ মৎস্য গবেষণা ইনস্টিটিউটের কল্যাণ তহবিলের অনুমতি প্রদানের পুনঃপ্রস্তাব জনপ্রশাসন মন্ত্রণালয়ে গত ৯ ডিসেম্বর ২০১৮ তারিখ প্রেরণ করা হয়েছে। | পুনঃ প্রস্তাব উপস্থাপন করতে হবে। | যুগ্মসচিব (মৎস্য) মহাপরিচালক, বিএফআরআই/ উপসচিব (মৎস্য-৫) |
| ৭.২ | শূন্য পদে লোক নিয়োগ | অবিলম্বে বিদ্যমান শূন্য পদে লোক নিয়োগের কার্যক্রম গ্রহণ করে মন্ত্রণালয়কে আগামী সভার পূর্বেই জানানোর জন্য সচিব মহোদয় নির্দেশনা প্রদান করেন। | অবিলম্বে বিদ্যমান শূন্য পদে লোক নিয়োগের কার্যক্রম গ্রহণ করে মন্ত্রণালয়কে আগামী সভার পূর্বেই জানাতে হবে। | যুগ্মসচিব (মৎস্য-৫), DG, BFRI/ উপসচিব (মৎস্য-৫) |

## ৮। বাংলাদেশ প্রাণিসম্পদ গবেষণা ইনস্টিটিউট

| ক্রমিক | বিষয় | আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়নে |
|---|---|---|---|---|
| ৮.১ | বাংলাদেশ প্রাণিসম্পদ গবেষণা ইনস্টিটিউটের ৩৯৪টি পদ সৃজন | বিএলআরআই এর ১৩৯ (একশত উনচল্লিশ)টি পদ (১ম পর্যায়ে ২০১৮-১৯ অর্থ বছরে ৯৫ টি এবং ২য় পর্যায়ে ২০২০-২১ অর্থ বছরে ৪৪টি) পদ অস্থায়ীভাবে সৃজনে প্রশাসনিক উন্নয়ন সংক্রান্ত সচিব কমিটির সদয় অনুমোদনের জন্য সার-সংক্ষেপ প্রস্তুত করে প্রশাসনিক উন্নয়ন সংক্রান্ত সচিব কমিটির সদয় অনুমোদনের জন্য উক্ত স্বাক্ষরিত সার-সংক্ষেপ ৩৫ সেট (সংলগ্নীসহ) এ মন্ত্রণালয় হতে ২১/১/২০১৯ তারিখে মন্ত্রিপরিষদ বিভাগে প্রেরণ করা হয়েছে। উক্ত বিষয়ে প্রশাসনিক সংক্রান্ত সচিব কমিটির ২০১৯ সালের ৪র্থ সভা হয়েছে। সভার কার্যবিবরণী এখনও পাওয়া যায়নি। | বিএলআরআই এর ৩৯৪টি পদ রাজস্বখাতে সৃজনের বিষয়ে অনুসরণমূলক কার্যক্রম অব্যাহত রাখতে হবে। | অতিঃ সচিব (প্রাস-২), মহাপরিচালক, বিএলআরআই/ উপসচিব (প্রাস-২) |
| ৮.২ | শূন্য পদে লোক নিয়োগ | অবিলম্বে বিদ্যমান শূন্য পদে লোক নিয়োগের কার্যক্রম গ্রহণ করে মন্ত্রণালয়কে আগামী সভার পূর্বেই জানানোর জন্য সচিব মহোদয় নির্দেশনা প্রদান করেন। | অবিলম্বে বিদ্যমান শূন্য পদে লোক নিয়োগের কার্যক্রম গ্রহণ করে মন্ত্রণালয়কে আগামী সভার পূর্বেই জানাতে হবে। | অতিঃ সচিব (প্রাণিসম্পদ-২), DG, BLRI/ উপসচিব (প্রাণিসম্পদ-২) |

## ৯। মেরিন ফিশারিজ একাডেমি

| ক্রমিক | বিষয় | আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়নে |
|---|---|---|---|---|
| ৯.১ | সিমুলেটর বেইজড ট্রেনিং ফ্যাসিলিটিজ স্থাপন প্রকল্প | সিমুলেটর বেইজড ট্রেনিং ফ্যাসিলিটিজ স্থাপন প্রকল্পের ডিপিপি প্রণয়নের কাজ চলমান আছে। | দ্রুত প্রকল্প প্রণয়নপূর্বক মন্ত্রণালয়ে প্রেরণ করতে হবে। | যুগ্মপ্রধান, উপসচিব (মৎস্য-৩), অধ্যক্ষ, মেরিন ফিশারিজ একাডেমি |

১০। সভায় আর কোন আলোচ্য বিষয় না থাকায় সভাপতি সকলকে ধন্যবাদ জ্ঞাপন করে সভার সমাপ্তি ঘোষণা করেন।

স্বাক্ষরিত/-
১৭/৪/২০১৯
(মোঃ রইছউল আলম মন্ডল)
সচিব